

◆ শরৎকাল ◆

ভাদ্র-আশ্বিন মাস শরৎকাল। আকাশ পরিষ্কার থাকে। এসময় খুব গরমও নয়, শীতও নয়। তাই শরীর ও মন বেশ চনমনে থাকে। নানা উৎসব হয় এই সময়ে। বর্ষায় পুকুর ডোবা সব ভরে থাকে। টলটলে পরিষ্কার জলে চান করতে খুব ভাল লাগে। মাঝে মাঝে বৃষ্টি হলেও একটু পরেই রোদ বেরিয়ে যায়। বাঙালীর সবচেয়ে বড়ো উৎসব দুর্গাপূজা হয় এই সময়ে। শিউলি, ছাতিম, পদ্ম ফুলের গন্ধে বাতাস ভরে ওঠে। তাই শরৎকে ‘ঋতুরাগি’ বলে। শরৎ মানুষের মনে সাড়া জাগায়, আনন্দ দেয়। পড়াশোনার চাপও কম থাকে। শরৎ আমার প্রিয় ঋতু।

